



শিক্ষা

প্রাথমিক শিক্ষা ব্যবস্থা

প্রাথমিক শিক্ষার উপর ভিত্তি করে গড়ে ওঠে প্রতি মানুষের জীবন। ভিত্তি যদি সুদৃঢ় না হয় তাহলে তার উপর যেমন মজবুত ইমারত তৈরী করা যায় না। ঠিক তেমনি প্রাথমিক শিক্ষা সুসংগঠিত না হলে তার উপর উচ্চপর্যায়ের জীবন গড়ে তোলা যায় না। তাইতো প্রক্স জাগে আমাদের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা আজ কোন পক্ষে? একদিকে সরকারী প্রাথমিক শিক্ষার হ্রাসের কারণে গার্মেন্টস, বেসরকারী শিক্ষা ব্যবস্থার আকাশ-পাতাল তফাৎ। সমাজের তথাকথিত উচ্চ শ্রেণীর লোকেরা তাদের ছাত্রদের টিকা খাচ করে

ছেলে-মেয়েদের কিণ্ডার গার্টেনে পাঠাচ্ছেন। আলাদা পাঠ্যক্রমে পড়াশুনা হচ্ছে। বেসরকারী বিদ্যালয় আমাদের এ গরিব দেশের বাকী শতকরা ৯৫ জনের কপালে কি ঘটছে। শত ইচ্ছা থাকলেও এসব ছেলে-মেয়েদের কিণ্ডার গার্টেনে পাঠাতে পারেন না তাদের দরিদ্র অভিভাবক। টাকা কোথেকে আসবে কোমলমতি ছেলেরা তা বুঝে না। পাশের বাড়ীর ছেলেটির মতো সে-ও চাইবে প্যান্ট-শার্ট পড়ে, কাপড় বাগি না করে বিল্ডিংয়ের মতো গায়ে না পেনে প্রতীকভাবেই মন ভারাক্রান্ত হয়ে যাবে। শিক্ষা মানুষকে দেয় সাম্যের সন্ধান। কিন্তু যে

শিক্ষাব্যবস্থা আমাদের কোমলমতি ছাত্র-ছাত্রীদের কতটুকু উদার করবে? এবং ত্রিভঙ্গপদাঙ্গ পদশীকার এবং অস্বীকার করে উলবে। সরকারী প্রাথমিক শিক্ষার একটা উল্লেখযোগ্য দিক ইংরেজী শিক্ষা। একটা ভিনদেশী ভাষা ছেলে-মেয়েদের শিক্ষা দিতে হলে তাদের বর্ণ পরিচয়, উচ্চারণ ভঙ্গি না শিখিয়ে শুধু মুখস্ত করানোর নামই বুঝি ইংরেজী শিক্ষা। তাই এক সময় ইংরেজীর প্রতি ঘৃণা এসে যায় তাদের। এই ইংরেজী তাদের কাছে ভীষণ কাঁপন হয়ে দাঁড়ায়। কিন্তু উচ্চ শিক্ষা গ্রহণ করতে হলে ইংরেজী আমাদের শিখতেই হবে। ইংরেজী ছাড়া দিলে চিকিৎসা বিজ্ঞান

প্রকৌশলী বিজ্ঞান এবং যে কোন উচ্চশিক্ষা গ্রহণ কি সম্ভব? যেখানে বাংলার কোন বই নেই। আর বাংলা বই লিখতে হলে প্রথমে বাংলার সাথে ইংরেজী প্রতিশব্দের একটি বিশ্বকোষ প্রয়োজন। মোট কথা উচ্চশিক্ষা গ্রহণ করতে হলে ইংরেজী শেখা অত্যাবশ্যিক। মুষ্টিমেয় দু'চারজনকে কিণ্ডার গার্টেনে বসিয়ে বসিয়ে ইংরেজী শিখিয়ে গোটা জাতিকে শিক্ষিত করে তোলা যাবে না। উন্নত জাতি গঠনের জন্য প্রয়োজন উচ্চশিক্ষার সুযোগ হাই কিণ্ডার গার্টেন এবং সরকারী প্রাথমিক শিক্ষার মধ্যে সামঞ্জস্য এনে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সমন্বয় করা প্রয়োজন।

— মোঃ বকিরুল ইসলাম সরকার